উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

তাড়াইল উপজেলা মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা চেয়ারম্যান উপজেলা পরিষদ তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার তারিখ	:	১৮/০৪/২০২২ খ্রি.।
সভার সময়	:	বিকাল- ৩.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ গত ২৯/০৩/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয় এবং সকলকে কার্যসূচী অনুযায়ী আলোচনা করার আহ্বান জানানো হয়। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দ তাদের স্ব-স্ব বিভাগের কার্যক্রম সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. স্বাস্থ্য বিভাগ-		
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, হাসপাতালে দালালদের দৌরাত্ব বৃদ্ধি পাচ্ছে। তারা হাসপাতালের জরুরী বিভাগ থেকে রোগীদের উন্নত চিকিৎসা দেয়ার কথা বলে প্রাইভেট হাসপাতালে নিয়ে যাচ্ছে। এতে না বুঝে রোগীরা প্রতারিত হচ্ছেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন সুনির্দিষ্ট তথ্য দিতে হবে। অতঃপর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা তাড়াইল, কিশোরগঞ্জ ২। অফিসার ইন-চার্জ তাড়াইল থানা
২. কৃষি বিভাগ-		
উপজেলা কৃষি অফিসার জানান, এ উপজেলায় রবি মৌসুমে বোরো আবাদ ১০২৫৭ হেঃ অর্জিত হয়েছে। বোরো ধান কর্তন নির্বিঘ্নে চলছে। ফলন সন্তোষজনক। তিনি আরো বলেন, উপজেলা পরিষদ হলরুমের পাশে কৃষি আবহাওয়া উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ প্রাঙ্গঁনে ১ শতক জায়গায় একটি ওয়েদার স্টেশন স্থাপন করা হবে। সার, বীজ ও কীটনাশক মজুদ সন্তোষজনক।	কৃষি আবহাওয়া উন্নয়ন প্রকল্পের নীতিমালার আলোকে ওয়েদার স্টেশন স্থাপন বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ
৩. প্রাণিসম্পদ বিভাগ-		
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, এপ্রিল/২০২২ মাসে এ বিভাগ হতে সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা-৬৫৬টি; গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকা প্রদান সংখ্যা- ৪১,১০০ ও চিকিৎসা প্রদান সংখ্যা- ১৯,৮৪৬টি এবং ১টি খামার রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ
৪. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ-		
উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ২০২১-২২ অর্থ বছরে গৃহীত প্রকল্পসমূহের দরপত্র আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে।	১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১. উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ

৪. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ-

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে বিদ্যমান গাছসমূহ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তাড়াইল-সাচাইল ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন বিল্ডিং অপসারণ ও বিদ্যমান গাছসমূহ কেটে ঠিকাদারকে কাজের সুযোগ করে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল ও সদস্য সচিব, তাড়াইল উপজেলা পরিষদ মসজিদ জানান যে, মসজিদের ইমাম ও মুয়াজ্জিনের সম্মানী ভাতা বর্তমান সময়ের তুলনায় খুবই কম। উভয়ের সম্মানী ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা করে বৃদ্ধি করা যেতে পারে।	২. উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে বিদ্যমান গাছসমূহ কেটে সাইট পরিষ্কার করা এবং তাড়াইল-সাচাইল ইউ. ভূমি অফিসের পুরাতন বিল্ডিং অপসারণ ও বিদ্যমান গাছসমূহ কেটে সাইট পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. তাড়াইল উপজেলা পরিষদ মসজিদ এর ইমাম ও মুয়াজ্জিনের সম্মানী ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা করে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	২. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল সহকারী কমিশনার (ভূমি), তাড়াইল ও উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ ৩. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ও উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ

৫. শিক্ষা বিভাগ-

কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল

৬. মৎস্য বিভাগ-

উপজেলা মৎস্য অফিসার জানান, চলতি অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ০৫টি বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। এছাড়া NATP-2 প্রকল্পের আওতায় একটি বিল নার্সারি স্থাপন করা হয়েছে। উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদর্শনী পুকুর বাস্তবায়ন কাজ চলমান। তিনি আরো জানান, দামিহা ইউনিয়নে অবস্থিত মইশাখালী ঘাট এলাকায় একটি মৎস্য অভয়াশ্রম মেরামত করা হয়েছে।	বিল নার্সারি কার্যক্রমের বিস্তারিত তথ্য দিতে হবে।	উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল

৭. পরিবার পরিকল্পনা বিভাগ-

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল জানান যে, দপ্তর কার্যক্রমের অংশ হিসেবে মার্চ/২২ মাসে ০৬ জন স্থায়ী পদ্ধতি, ২৪ জন ইমপ্লানন এবং ১৬ জন আইইউডি গ্রহণ এবং অস্থায়ী পদ্ধতির বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়েছে। এছাড়া মোট ২৯৫২ জন পুরুষ/মহিলা ও শিশুকে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ

৮. যুব উন্নয়ন বিভাগ-

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল

৯. পল্লী উন্নয়ন বিভাগ-

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, খেলাপী ঋণ আদায়ের জন্য দুটি সমিতিকে চুড়ান্ত নোটিশ প্রদান করা হয়েছে।	ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ শতভাগ আদায় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ

১০. সমবায় বিভাগ-

কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল

১১. প্রকল্প বাস্তবায়ন বিভাগ-

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টি-আর/কাবিখার (বিশেষ/সাধারণ) প্রকল্পের ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে এবং অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর ২য় পর্যায়ের কাজ আগামী ১৪.০৫.২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হবে। এছাড়া গৃহহীনদের গৃহ নির্মাণের ৩য় পর্যায়ের কাজ চলমান আছে যার সার্বিক অগ্রগতি প্রায় ৭০%। বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান ও গ্রামীন রাস্তা টেকসইকরণ (এইচবিবি) ১০০০ মি/১.০০ কি.মি রাস্তার কাজ শুরু করা হয়েছে মর্মে সভাকে অবহিত	গুণগত মান বজায় রেখে নির্ধারিত তারিখের মধ্যে প্রকল্পসমূহের কাজ শেষ করতে হবে।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও ২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১২. মহিলা বিষয়ক বিভাগ-		
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ইনকাম জেনারেটিং এক্টিভিটি প্রকল্প এর আওতায় ১০০ জন প্রশিক্ষণার্থীকে দুটি ট্রেডে ভর্তি করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ এপ্রিল/২২ থেকে জুন/২২ পর্যন্ত চলমান থাকবে। এছাড়া বিভাগীয় অণ্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।	প্রশিক্ষণ কার্যক্রম সময়মত সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ
১৩. জনস্বাস্থ্য বিভাগ-		
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, এ উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ১৯২টি (প্রতিটি ইউনিয়নে ২৬টি) নলকূপ বরাদ্দ পাওয়া গেছে।	প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে উপজেলা ওয়াটসন কমিটির সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ
১৪. মাধ্যমিক শিক্ষা বিভাগ-		
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এস,এস,সি পরীক্ষা-২০২২ এর ফরম পূরণ কার্যক্রম চলমান আছে। বোর্ড নির্ধারিত ফির অতিরিক্ত কোন ফি গ্রহণ না করতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।	বার্ড নির্ধারিত ফির অতিরিক্ত কোন ফি গ্রহণ না যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ
১৫. ইন্সট্রাক্টর উপজেলা রির্সোস সেন্টার-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, তাড়াইল, কিশোরগঞ্জ
১৬. পল্লী সঞ্চয় ব্যাংক-		
শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প) কার্যক্রমের আওতায় ১৩ কোটি টাকার তহবিল গঠন করা হয়েছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে জানানো হয়।	ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ শতভাগ আদায় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প), তাড়াইল
১৭. উপজেলা সমাজসেবা বিভাগ-		
উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অফিসের ভবনটি খুব জরাজীর্ণ অবস্থায় আছে। বর্ষাকাল শুরু হলে পরিস্থিতি আরো খরাপ পরিস্থিতির সৃষ্টি হবে। উপজেলার গরীব অসহায় ও প্রতিবন্ধী ভাতাভোগীদের সেবা নিবিঘ্নি করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে সমাজসেবা অফিসের ভবনটির সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভায় অনুরোধ জানান।	সমাজসেবা অফিসের ভবনটির প্রয়োজনীয় সংস্কার করতে হবে।	১। উপজেলা সমাজসেবা অফিসার, ২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল, কিশোরগঞ্জ
১৮. বন বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ
১৯. উপজেলা পরিসংখ্যান বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ
২০. ইউ সি সি এ-		
চেয়ারম্যান, ইউ সি সি এ, তাড়াইল বলেন, বর্ষাকাল আসন্ন। বিআরডিবি বিল্ডিংটি আরসিসি পিলারের উপর স্থাপিত। উপজেলা পরিষদের পক্ষ থেকে বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণের জন্য সভায় তিনি অনুরোধ জানান।	বিআরডিবি বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান ইউ সি সি এ তাড়াইল, কিশোরগঞ্জ

২০. বিবিধ আলোচনা-		
আলোচনা	**গৃহীত সিদ্ধান্ত**	**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ**
উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাড়াইল, কিশোরগঞ্জ কর্তৃক ০৪ (চার) টি নলকূপ সহায়তা চাঁদা বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার বিল দাখিল করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল বলেন, রমযান মাস ইবাদতের মাস। তিনি সভায় সকল সদস্যবৃন্দকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে ভালভাবে ঈদ উদযাপনে আশাবাদ ব্যক্ত করেন।	নলকূপ সহায়তা চাঁদা বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার বিল অনুমোদন ও উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাড়াইল, কিশোরগঞ্জকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ ও ২. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল কিশোরগঞ্জ

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে মাহে রমযানের পবিত্রতা রক্ষা করে সবার মাঝে হৃদ্যতার সম্পর্ক হোক এবং সবাই সমন্বয় করে কাজ করব ও সবাই সবাইকে সম্মান জানাবো এই আশাবাদ ব্যক্ত করেন। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা মাসিক সভা, তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২১- ১৪৮(৪৫) তারিখ: ১৮/০৪/২০২২ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৮. উপজেলা..কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য, উপজেলা মাসিক সভা।
০৯. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য উপজেলা মাসিক সভা।
১০. অফিস কপি।

১৮/০৪/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ